

## No wrong in taking World Cup fund from Islami Bank

*Planning Minister Mustafa Kamal responds to economist Barakat's accusation*

STAFF CORRESPONDENT

While an economist accuses Islami Bank of contributing to the economy of fundamentalism, Planning Minister AHM Mustafa Kamal yesterday said the Bangladesh Cricket Board (BCB) received sponsorship from the bank for the 2011 World Cup because it was operating legally.

However, at the same breath, he said he looked for funding from other banks first and only went to Islami Bank after failing to get good responses from them.

Kamal defended his position at a press conference yesterday against allegations by economist Prof Abul Barakat that the minister "legitimised" the bank's action by taking the sponsorship.

"Islami Bank has been operating with a licence from Bangladesh Bank like other banks... Its licence has not been suspended for even one hour for illegal activities," the minister said.

On Saturday, the Dhaka University professor unveiled the findings of a research on the impact of the economy of fundamentalism on the mainstream economy, and made the accusation against the minister.

Addressing the press at the Planning Commission, Kamal said he wondered why the professor raised this question "irrelevantly" after all these years.

Kamal said when he was chairman of the standing committee on the finance ministry, Abul Barakat attended many meetings of the standing committee as chairman of Janata Bank, and the professor did not raise any question regarding this back then.

Islami Bank is run under the supervision of Bangladesh Bank, and BB officials are on the Islami Bank's board, the minister said. He said if there was any allegation of terror financing against Islami Bank, it was not supposed to operate as a bank in the first place.

He asked Prof Barakat to submit evidence, if any, in support of the allegation to the Bangladesh Bank so the central bank could investigate and take necessary action.

He alleged that the professor did not speak the truth.

"At the time of organising the Cricket World Cup, there was no bank in Bangladesh I did not turn to, but none made the desired response. After failing to get the response from any bank, I was compelled to take money from Islami Bank," Kamal said.

He said BCB's total spending for the World Cup publicity was Tk 30 crore, of which Tk 10 crore was given by Islami Bank, Tk 50 lakh by Premier Bank, and the rest by the board itself.

He said of the Tk 10 crore Islami Bank fund, Tk 1.5 crore was paid to the government as tax, adding that the government collected tax from Islami Bank like any other bank.

The minister said Islami Bank was still sponsoring cricket in Bangladesh.

## ইসলামী ব্যাংক কোনো অবৈধ কার্যক্রমের সঙ্গে যুক্ত নয়

পরিকল্পনামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ■

ইসলামী ব্যাংক কোনো অবৈধ কার্যক্রমের সঙ্গে যুক্ত নয় বলে মন্তব্য করেছেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। তিনি বলেন, ইসলামী ব্যাংক বৈধভাবে ব্যবসা করে। অবৈধ ব্যবসার কারণে ব্যাংকটির ১ ঘণ্টার জন্যও লাইসেন্স বাতিল হয়নি, এমনকি এর বিরুদ্ধে কোনো শোকজও হয়নি। গতকাল সোমবার শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন পরিকল্পনামন্ত্রী।

মন্ত্রী বলেন, জনগণের মধ্যে ধারণা হয়েছে ইসলামী ব্যাংক সন্ত্রাসে অর্থায়ন করে। সরকারের মন্ত্রী হিসেবে এমন কোনো তথ্য আমার কাছে নেই। আমার জানা মতে, সরকারের কাছেও এমন তথ্য নেই। আর যেহেতু ইসলামী ব্যাংক সরকারের অনুমোদন নিয়ে ব্যবসা করে, সে কারণে আমি ইসলামী ব্যাংকের বিভিন্ন অনুষ্ঠানেও যাই।

এর আগে গত শনিবার রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে আয়োজিত 'মৌলবাদের রাজনৈতিক অর্থনীতি ও জঙ্গিবাদ: মর্মার্থ ও করণীয়' শীষক

এক সেমিনারে ২০১১ সালের ক্রিকেট বিশ্বকাপের প্রচারণায় ইসলামী ব্যাংকের টাকা নেয়ার জন্য পরিকল্পনামন্ত্রীকে দায়ী করেন অর্থনীতি সমিতির সভাপতি অধ্যাপক আবুল বারকাত। মূলত আবুল বারকাতের ওই অভিযোগের ব্যাখ্যা দিতে গিয়েই গতকাল এ সংবাদ সম্মেলন করেন পরিকল্পনামন্ত্রী।

আ হ ম মুস্তফা কামাল বলেন, ২০১১ সালের বিশ্বকাপের এত দিন পর এ ধরনের বক্তব্য অপ্রাসঙ্গিক এবং সন্দেহজনক। এ সময় এসে এ ধরনের মন্তব্যের উদ্দেশ্যপ্রণোদিত।

সংবাদ সম্মেলনে মন্ত্রী আরো বলেন, 'বিশ্বকাপের জন্য সরকারের কাছ থেকে অর্থ সংগ্রহ করিনি। স্পন্সরের কাছ থেকে অর্থ নেব এটা অনেক আগেই পরিকল্পনা ছিল। সে লক্ষ্যে আমি অনেকের সঙ্গে যোগাযোগ করেছি। বাংলাদেশের এমন কোনো ব্যাংক নেই যাদের সঙ্গে সে সময় যোগাযোগ করিনি। এ আহ্বানে এগিয়ে আসে ইসলামী ব্যাংক। তারা ১০ কোটি টাকা দেয়। এর থেকে সরকারের কর বাবদ দেড় কোটি টাকা দিয়ে দিই। বাকি সাড়ে ৮ কোটি টাকা কাজে লাগাই।'